গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর-২, ঢাকা-১২১৬
www.skt.gov.bd

**স্মারক নম্বর:** ৩৮.০১.০০০০.০০০.৯৯.০০১.১৯.২৫৭

তারিখ: ৭ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP) এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহার।**

সূত্র: প্রাগম এর স্মারক নং ৩৮.০০.০০০০.০২.৯৯.০১৩.২৩.১২২৮, তারিখ: ১৮/০৯/২০২৪ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের নির্দেশনা পরিপালন ও তৎপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২২-০৯-২০২৪
প্রবীর কুমার হালদার
সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)

প্রধান শিক্ষক (সকল), শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়......................।

**স্মারক নম্বর:** ৩৮.০১.০০০০.০০০.৯৯.০০১.১৯.২৫৭/১ (৪)

তারিখ: ৭ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি:
১। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), বিদ্যালয় অনুবিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;
২। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩। কম্পিউটার অপারেটর, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করবেন) এবং
৪। অফিস কপি।

২২-০৯-২০২৪
প্রবীর কুমার হালদার
সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**প্রশাসন- ২ অধিশাখা**
www.mopme.gov.bd

নম্বর ৩৮.০০.০০০০.০২.৯৯.০১৩.২৩.১২২৮

তারিখঃ ০৩ আশ্বিন ১৪৩১ / ১৮ সেপ্টেম্বর ২০২৪

**বিষয়ঃ পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP) -এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহার।**

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.২৩.৪৭৫, তারিখ: ০৫ সেপ্টেম্বর ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP) -এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহার সংক্রান্ত পত্র ও পত্রের সাথে সংযুক্ত পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আধা-সরকারি পত্রের নির্দেশনা মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

১৮/০৯/২৪
(ড. বিলকিস বেগম)
উপসচিব
ফোনঃ ০২-৫৫১০০৯২৮
ই-মেইল: dsad2@mopme.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৩. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৬. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।

E:\ISTIAK\New letters\চিঠি.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

২১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.২৩.৪৭৫

বিষয়: **পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP)-এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহার।**

সূত্র: সৈয়দা রিজওয়ানা হাসান, মাননীয় উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২৯ আগস্ট ২০২৪ তারিখের ২২.০০.০০০০.০৭৫.২২.০০৩.২৩.৩৭৭ সংখ্যক আধা-সরকারিপত্র।

উপর্যুক্ত বিষয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হতে প্রাপ্ত আধা-সরকারিপত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

প্লাস্টিকের ব্যাপক ব্যবহারজনিত সৃষ্ট দূষণ বিশেষতঃ সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রী হতে সৃষ্ট দূষণ পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি হিসেবে বিরাজ করছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে সিঙ্গেল ইউজ প্লাস্টিক-এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা কর্তৃক আধা-সরকারিপত্রের মাধ্যমে সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রীর পরিবর্তে নিম্নোক্ত প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহারের জন্য অনুরোধ জানানো হয়েছে:

ক) প্লাস্টিকের ফাইল, ফোল্ডারের পরিবর্তে কাগজ বা পরিবেশবান্ধব অন্যান্য সামগ্রীর তৈরি ফাইল ও ফোল্ডার ব্যবহার করা;
খ) প্লাস্টিক ব্যাগের পরিবর্তে কটন/জুট ফেব্রিকের ব্যাগ ব্যবহার করা;
গ) প্লাস্টিকের পানির বোতলের পরিবর্তে কাঁচের বোতল ও কাঁচের গ্লাস ব্যবহার করা;
ঘ) প্লাস্টিকের ব্যানারের পরিবর্তে কটন ফেব্রিক, জুট ফেব্রিক বা বায়োডিগ্রেডেবল উপাদানে তৈরি ব্যানার ব্যবহার করা;
ঙ) দাওয়াত পত্র, ভিজিটিং কার্ড ও বিভিন্ন ধরনের প্রচার পত্রে প্লাস্টিকের লেমিনেটেড পরিহার করা;
চ) বিভিন্ন সভা/সেমিনারে সররাহকৃত খাবারের প্যাকেট যেন কাগজের হয়/পরিবেশ বান্ধব হয় সেটি নিশ্চিত করা;
ছ) একবার ব্যবহার্য প্লাস্টিকের প্লেট, গ্লাস, কাপ, স্ট্র, কাটলারিসহ সকল ধরনের পণ্য পরিহার করা;
জ) প্লাস্টিকের কলমের পরিবর্তে পেনসিল/কাগজের কলম ব্যবহার করা;
ঝ) বার্ষিক প্রতিবেদনসহ সকল ধরনের প্রকাশনায় লেমিনেটেড মোড়ক ও প্লাস্টিকের ব্যবহার পরিহার করা এবং
ঞ) ফুলের তোড়াতে প্লাস্টিকের ব্যবহার বন্ধ করা।

০২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণের লক্ষ্যে তাঁর মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ৩ পৃষ্ঠা

০৫-০৯-২০২৪
মোঃ সাজ্জাদুল হাসান
যুগ্মসচিব
৫৫১০০৯৭১ (ফোন)
৯৫১২২১৩ (ফ্যাক্স)
general_sec@cabinet.gov.bd

বিতরণ:

১। সিনিয়র সচিব/সচিব (সকল);

২। বিভাগীয় কমিশনার (সকল) এবং

৩। জেলা প্রশাসক (সকল)।

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.২৩.৪৭৫/১(৪)

তারিখ: ২১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়;

২। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ;

৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (যুগ্মসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ এবং

৪। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫-০৯-২০২৪
মোঃ সাজ্জাদুল হাসান
যুগ্মসচিব

**সকল সংযুক্তিসমূহ:**

(১) আধা-সরকারিপত্রের ছায়ালিপি

১৩ ভাদ্র ১৪৩১

তারিখ : ---------------

নম্বর-২২.০০.০০০০.০৭৪.৯৯.০০২.২৪.২০৪ ২৮ আগস্ট ২০২৪

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
০৩। সিনিয়র সচিব/সচিব (সকল), ..................................................................... মন্ত্রণালয়/বিভাগ।
০৪। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (পরিবেশ অনুবিভাগ), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
০৬। যুগ্মসচিব (পরিবেশ-২), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
০৭। উপদেষ্টার একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
০৮। উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ এবং গেজেটের ১০০ (একশত) কপি প্রেরণের অনুরোধসহ]।
০৯। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।

২৮/৮/২০২৪

ড. মোঃ ফয়সাল আবেদীন খান
উপসচিব

১২০

সৈয়দা রিজওয়ানা হাসান
উপদেষ্টা
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আ,স. পত্র নং-.২২.০০.০০০০.০৭৫.২২.০০৩.২৩-.৩৭৭

তারিখ : ১৪ ভাদ্র ১৪৩১
২৯ আগস্ট ২০২৪

প্রিয় মহোদয়,

আপনি অবগত আছেন যে, পরিবেশ দূষণ বর্তমান বিশ্বের সবচেয়ে আলোচিত এবং উদ্বেগের বিষয়। বায়ুদূষণ, শব্দদূষণ, প্লাস্টিক দূষণ, পানিদূষণসহ সার্বিকভাবে পরিবেশ দূষণ আমাদের দেশে তীব্র আকার ধারণ করেছে। বর্তমান সরকার এই দূষণ নিয়ন্ত্রণে প্রতিশ্রুতিবদ্ধ। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫সহ অন্যান্য সংশ্লিষ্ট আইন ও বিধিমালা এবং বিভিন্ন আন্তর্জাতিক আইনের আলোকে পরিবেশ দূষণ রোধ, জীববৈচিত্র্য রক্ষা এবং জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় বাংলাদেশ অঙ্গীকারবদ্ধ। এ পরিপ্রেক্ষিতে প্লাস্টিক দূষণ নিয়ন্ত্রণে সরকার বিভিন্ন উপযোগী পদক্ষেপ গ্রহণ করছে।

২। প্লাস্টিকের ব্যাপক ব্যবহারজনিত সৃষ্ট দূষণ বিশেষতঃ সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রী হতে সৃষ্ট দূষণ পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি হিসেবে বিরাজ করছে। এ প্রেক্ষাপটে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপের মধ্যে অন্যতম হচ্ছে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অধঃস্তন দপ্তর/সংস্থাসমূহকে সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP) এর ব্যবহারে নিরুৎসাহিত করা। এ ধারাবাহিকতায় সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার ক্রমান্বয়ে বন্ধ করার (Phase out) লক্ষ্যে 'কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১' এর বিধি-৯ এর আলোকে সিঙ্গেল ইউজ প্লাস্টিক এর তালিকা প্রজ্ঞাপন আকারে ২৮ আগস্ট ২০২৪ তারিখ সরকার কর্তৃক জারি করা হয়েছে (কপি সংযুক্ত)।

৩। বিদ্যমান প্রেক্ষাপটে সকল দপ্তর/সংস্থায় তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার বন্ধ করার লক্ষ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রীর পরিবর্তে নিম্নলিখিত বিকল্পের প্রস্তাবনা করছে, যা আপনার মাধ্যমে সকল মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে অবহিত করা আবশ্যক:

(ক) প্লাস্টিকের ফাইল, ফোল্ডারের পরিবর্তে কাগজ বা পরিবেশবান্ধব অন্যান্য সামগ্রীর তৈরি ফাইল ও ফোল্ডার ব্যবহার করা;
(খ) প্লাস্টিক ব্যাগের পরিবর্তে কটন/জুট ফেব্রিকের ব্যাগ ব্যবহার করা;
(গ) প্লাস্টিকের পানির বোতলের পরিবর্তে কাঁচের বোতল ও কাঁচের গ্লাস ব্যবহার করা;
(ঘ) প্লাস্টিকের ব্যানারের পরিবর্তে কটন ফেব্রিক, জুট ফেব্রিক বা বায়োডিগ্রেডেবল উপাদানে তৈরি ব্যানার ব্যবহার করা;
(ঙ) দাওয়াত পত্র, ভিজিটিং কার্ড ও বিভিন্ন ধরণের প্রচার পত্রে প্লাস্টিকের লেমিনেটেড পরিহার করা;
(চ) বিভিন্ন সভা/সেমিনারে সরবরাহকৃত খাবারের প্যাকেট যেন কাগজের হয়/পরিবেশ বান্ধব হয় সেটি নিশ্চিত করা;
(ছ) একবার ব্যবহার্য প্লাস্টিকের প্লেট, গ্লাস, কাপ, স্ট্র, কাটলারিসহ সকল ধরনের পণ্য পরিহার করা;
(জ) প্লাস্টিকের কলমের পরিবর্তে পেনসিল/কাগজের কলম ব্যবহার করা;
(ঝ) বার্ষিক প্রতিবেদনসহ সকল ধরণের প্রকাশনায় লেমিনেটেড মোড়ক ও প্লাস্টিকের ব্যবহার পরিহার করা।
(ঞ) ফুলের তোড়া (Flower Bouquet)-তে প্লাস্টিকের ব্যবহার বন্ধ করা।

মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসন অধিশাখা
তারিখ ৩/৯/২০২৪
ডায়েরী নং ২৪৪০

৪। উল্লেখ্য ইতোপূর্বে বাংলাদেশ সচিবালয়কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক মুক্ত ঘোষণার উদ্যোগ বাস্তবায়নের জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব কর্তৃক আপনার বরাবর উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করা হয়েছে।

৫। বর্ণিতাবস্থায়, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে জরুরি পদক্ষেপ হিসেবে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP) এর ব্যবহার বন্ধ ও প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহারের নির্দেশনা প্রদানে আপনার আন্তরিক সহযোগিতা প্রত্যাশা করছি।

সংযুক্তি: ০১(এক) পাতা বর্ণনামতে।

সাধারণ অধিশাখা
তারিখ ৩/৯/২০২৪

২৯.০৮.২০২৪
সৈয়দা রিজওয়ানা হাসান
উপদেষ্টা
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

জনাব মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ-৩ শাখা
www.moef.gov.bd

নম্বর-২২.০০.০০০০.০৭৪.৯৯.০০২.২৪.২০৪ | তারিখ : ১৩ ভাদ্র ১৪৩১ / ২৮ আগস্ট ২০২৪

প্রজ্ঞাপন

দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং দ্রুত নগরায়ণের ফলে প্লাস্টিক দূষণ, বিশেষ করে সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রী হইতে সৃষ্ট দূষণ মারাত্মক আকার ধারণ করিয়াছে। পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ এবং পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্য রক্ষায় সরকারের গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধ করিবার (Phase out) লক্ষ্যে 'কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১' এর বিধি ৯। ব্যাখ্যা।-/১৭ এর আলোকে সরকার নিম্নোক্ত তালিকাভুক্ত বস্তু/সামগ্রী/পদার্থকে 'সিঙ্গেল ইউজ প্লাস্টিক' হিসেবে নির্ধারণ করিল :

| | |
|---|---|
| ১ | স্ট্র (Straw) |
| ২ | স্টারার (Stirrer) |
| ৩ | একবার ব্যবহারযোগ্য তৈজসপত্র/কাটলারি<br>(One-time utensils/cutlery (e.g. cups, plates, trays, spoon, fork, etc.) |
| ৪ | বেলুন, আইসক্রিম বা ললিপপের সাথে ব্যবহৃত প্লাস্টিকের কাঠি/লাঠি<br>(Plastic sticks e.g. balloon sticks, ice-cream/lollypop sticks) |
| ৫ | প্লাস্টিক ব্যানার (Plastic banner) |
| ৬ | পোস্টারের প্লাস্টিক মোড়ক<br>(Plastic covers on any poster) |
| ৭ | বিভিন্ন পণ্যের একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের মিনি প্যাকেট/সৌখিন ধারক<br>(Sachets, Pouches) |
| ৮ | চকলেট এবং ললিপপের প্লাস্টিক মোড়ক<br>(Lollipop covers, Chocolate covers, etc) |
| ৯ | স্টাইরোফোমের খাবার মোড়ক/ধারক<br>(Styrofoam food packaging e.g. biryani packet, etc.) |
| ১০ | পাতলা প্লাস্টিকের আবরণযুক্ত ফাস্ট ফুডের মোড়ক<br>(Thin Plastic films on fast food packaging) |
| ১১ | প্লাস্টিকের দাওয়াত কার্ড, দাওয়াত কার্ড এবং প্রচারণা সামগ্রীর উপর ব্যবহৃত থার্মাল ল্যামিনেশন<br>(Plastic invitation card, thermal lamination on invitation card/advertising products) |
| ১২ | পাতলা প্লাস্টিক আবরণযুক্ত সিগারেটের প্যাকেট/টিস্যু পেপার/টয়েলেট রোল/সাবানের মোড়ক<br>(Thin plastic cover of cigarette pack/tissue paper/toilet roll/soap) |
| ১৩ | পলিইথাইলিন এবং পলিপ্রপাইলিন বা মিশ্রণ দ্বারা তৈরি কোনো শপিং ব্যাগ/ঠোঙ্গা/ধারক<br>(Shopping bag/carry bag manufactured from Polyethylene or Polypropylene or mix) |
| ১৪ | মেলামাইন ফোম স্পঞ্জ<br>(Melamine foam sponges-Used for household cleaning) |
| ১৫ | যেকোনো পণ্যের একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের প্যাকেজিং<br>(Single use plastic packaging of any products) |
| ১৬ | সিগারেট ফিল্টার<br>(Cigarette filter) |
| ১৭ | প্লাস্টিকের বোতল এবং ক্যাপ<br>(Plastic bottles, Caps) |

২। সরকার উক্ত তালিকা সময়ে সময়ে সংশোধন বা পরিবর্তন করিতে পারিবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

28/8/2024

ড. মোঃ ফয়সাল আবেদীন খান
উপসচিব

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)